



১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/২৮৬১

তারিখ : ০৬/১১/২০১৭

আঞ্চলিক পরিচালক

অতীব জরুরী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর ২য়, ৩য়, ৫ম ও ৬ষ্ঠ সিমেন্টারের উপস্থিতিপত্র, বিষয়ভিত্তিক টপসীট এবং নিরীক্ষিত OMR সীট প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/১৬২৮ ; তারিখ : ১৪/০৬/২০১৭

জনাব


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাউবির বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ গত ০৪/১১/২০১৭ তারিখ শেষ হয়েছে। উক্ত পরীক্ষার উপস্থিতিপত্র প্রেরণের বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকে ইতোপূর্বে আপনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। পরীক্ষার ফলাফল দ্রুত প্রস্তুতকরণের লক্ষ্যে আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন পরীক্ষা কেন্দ্রসমূহের ২য়, ৩য়, ৫ম ও ৬ষ্ঠ সিমেন্টারের উপস্থিতিপত্র, বিষয়ভিত্তিক টপসীট, প্রধান পরীক্ষকগণের নিরীক্ষিত OMR সীট এবং বহিস্কৃত উত্তরপত্র (যদি থাকে) আঞ্চলিক কেন্দ্রের একজন কর্মকর্তার মাধ্যমে আগামী ১২/১১/২০১৭ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, পরীক্ষা বিভাগ থেকে প্রেরিত হাজিরাসীট ব্যতীত আঞ্চলিক পরিচালকগণ পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে আলোচনাপূর্বক স্থানীয়ভাবে যদি কোন শিক্ষার্থীর হাজিরাসীট তৈরি করে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করে থাকেন তবে এরূপ হাজিরাসীটের প্রতি পাতায় “শিক্ষার্থীর ফি সঠিকভাবে জমা আছে, ফলাফল প্রকাশের সুপারিশ করা হ’ল।” - মর্মে আঞ্চলিক পরিচালক-কে প্রত্যয়ন করতে হবে। অন্যথায় উক্ত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশ করা হবে না।

২। এছাড়া বিএ এবং বিএসএস পরীক্ষা-২০১৬ এর পরীক্ষা কেন্দ্রে অব্যবহৃত লিথোকোডযুক্ত মূল উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য দ্রব্যাদি বিএ এবং বিএসএস পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালার অনুচ্ছেদ-১৭ মোতাবেক আঞ্চলিক কেন্দ্রে জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

এ বিষয়ে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ,


  
০৬/১১/১৭

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

- ১। ডীন, এসএসএইচএল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি।
- ৪। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ’ল)।
- ৫। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র (সকল), বাউবি।
- ৭। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।

  
৩৬২০  
০৬/১১/১৭